গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী মুদ্রণালয়
তেজগাঁও, ঢাকা-২০৮।
www.bg press.gov.bd

**বাংলাদেশ সরকারী মুদ্রণালয়ে ২০২৪-২০২৫ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে বাছাই কমিটির সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোহাম্মদ আবু ইউসুফ<br>উপপরিচালক(উপসচিব)<br>বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। |
| তারিখ | : | ০৬-০৫-২০২৫ খ্রিষ্টাব্দ |
| সময় | : | বিকাল ৩.০০ ঘটিকা |
| স্থান | : | সভা কক্ষ |
| উপস্থিতি | : | সভার উপস্থিতি পরিশিষ্ট "ক" তে প্রদর্শিত হল। |

সভাপতি সভায় শুরুতে জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে বাছাই কমিটির সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ এবং মন্ত্রীপরিষদ বিভাগের শুদ্ধাচার শাখার ১৯/১২/২০২১ তারিখের ০৪.০০.০০০০.৮২২.১৪.০৭০.১৯.২৮৩ সংখ্যক স্মারকের নির্দেশনা মোতাবেক কমিটির সকল সদস্যের নিকট যোগ্য কর্মকর্তা-কর্মচারীদের তালিকা এবং শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য মূল্যায়ন ফরম সরবরাহ করা হয়। কমিটির সদস্য সচিব সভায় অবগত করেন যে, শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা,২০২১ এর ৩.৩. মোতাবেক প্রতিটি দপ্তর/সংস্থার নিজ নিজ কার্যালয়ের গ্রেড-২ হতে গ্রেড-৯ ভুক্ত, ০১জন, গ্রেড-১০ হতে গ্রেড-১৬ ভুক্ত ০১ জন এবং গ্রেড- ১৭ হতে গ্রেড-২০ ভুক্ত ক্যাটাগরির কর্মকর্তা/কর্মচারীদের মুল্যায়ন সূচক যাচাই বাছাই অনুযায়ী ০১ জন করে মোট ০৩ জন কর্মকর্তা-কর্মচারীদের পুরস্কার প্রদানের বিধান রয়েছে। উক্ত নীতিমালার ৭ নং ক্রমিকে পুরস্কার হিসাবে মন্ত্রীপরিষদ বিভাগ-এর নির্ধারিত ফরম্যাটে একটি সার্টিফিকেট, একটি ক্রেস্ট এবং একমাসের মূল বেতনের সমপরিমান অর্থ পুরস্কার হিসাবে প্রাপ্ত হবেন মর্মেও নির্দেশনা রয়েছে।

সভার আলোচ্যসূচী অনুযায়ী জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ এ নির্দেশিত ১০টি ক্ষেত্রে অবদানের জন্য কমিটির প্রত্যেক সদস্য কর্তৃক তালিকাভূক্ত কর্মকর্তা/কর্মচারীদের মূল্যায়ন করা হয় (পরিশিষ্ট-ক)। তাঁদের প্রদত্ত নম্বরের ভিত্তিতে কমিটি কর্তৃক মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের আওতাধীন এ প্রেসের প্রধানগনের মধ্যে গ্রেড-২ হতে গ্রেড-৯, ০১ জন, গ্রেড-১০ হতে গ্রেড-১৬ ভুক্ত ০১ জন এবং গ্রেড- ১৭ হতে গ্রেড-২০ ভুক্ত ক্যাটাগরির কর্মকর্তা/কর্মচারীদের মুল্যায়ন সূচক যাচাই বাছাই অনুযায়ী ০১ জন করে মোট ০৩ জন কর্মচারীকে ২০২৪-২০২৫ অর্থবছরে শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য মনোনীত করা হয়। উক্ত মনোনীত ০৩ জন কর্মকর্তা/ কর্মচারীদের ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা , ২০২১ অনুযায়ী বিস্তারিতভাবে আলোচনা ও পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে শুদ্ধাচার পুরস্কারের সূচক মোতাবেক কমিটির সদস্যবৃন্দ কর্তৃক প্রদত্ত সর্বাধিক নম্বরপ্রাপ্ত নিম্নলিখিত ০৩ জন কর্মকর্তা/কর্মচারীগণকে শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য চুড়ান্তভাবে সিদ্ধান্ত গৃহীত হয়।

| নং | ক্যাটাগরি | নামও পদবি | গ্রেড ও বেতনস্কেল/মূলবেতন | অফিস/প্রেসের নাম |
|---|---|---|---|---|
| ১. | (গ্রেড-২ হতে গ্রেড-৯) | জনাব মোঃ মোজাম্মেল হক রাসেল<br>সিনিয়র সহকারী পরিচালক<br>(সিনিয়র সহকারী সচিব)<br>(আইডি নম্বর-১৭০৫২) | গ্রেড-৬<br>(৩৫,৫০০-৬৭,০১০)<br>মূলবেতন-৪৯,৯৮০/- | বাংলাদেশ সরকারী মুদ্রণালয়। |
| ২. | গ্রেড-১০ হতে গ্রেড-১৬ | জনাব সুলতানা আক্তার<br>কেয়ারটেকার | গ্রেড-১৪<br>(১০,২০০-২৪,৬৮০)<br>মূলবেতন-২২,৩৮০/- | বাংলাদেশ সরকারী মুদ্রণালয়। |
| ৩. | গ্রেড- ১৭ হতে গ্রেড-২০ | জনাব দীপক চন্দ্র পাল<br>পোর্টার | গ্রেড-১৯<br>(৮,৫০০-২০,৫৭০)<br>মূলবেতন-১৭,৭৬০/- | বাংলাদেশ সরকারী মুদ্রণালয়। |

২। পরিশেষে আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোহাম্মদ আবু ইউসুফ)
উপপরিচালক(উপসচিব)
ও
সভাপতি
**শুদ্ধাচার** পুরস্কার প্রদান বাছাই কমিটি

D/mahfuz/noitikota 23-24

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী মুদ্রণালয়
তেজগাঁও, ঢাকা-২০৮।
www.bg press.gov.bd

স্মারক নং- ০৫.৮২.০০০০.০১০.৪০.০৩০.২৫/১৫৬৮ তারিখ: ২৬/৫/২৫।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-১২০৮ (মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২। সিনিয়র সহকারী পরিচালক, বিজি প্রেস, তেজগাঁও, ঢাকা-১২০৮।

৩। সহকারী পরিচালক (প্রেস), বিজি প্রেস, তেজগাঁও, ঢাকা-১২০৮।

৪। ম্যানেজার (সকল) বি জি প্রেস, তেজগাঁও, ঢাকা- ১২০৮।

৫। বাজেট অফিসার, বি জি প্রেস, তেজগাঁও, ঢাকা- ১২০৮।

৬। সিক্রেট প্রিন্টিং সুপারভাইজার/ প্লানিং সুপারভাইজার/ কেয়ারটেকার, বি জি প্রেস, তেজগাঁও, ঢাকা- ১২০৮।

৭। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, জনপ্রশাসন মন্ত্রণালয়, হিসাব ভবন,সেগুনবাগিচা,ঢাকা।

৮। শাখা প্রধান,সংস্থাপন/হিসাব শাখা/ইনডেন্ট/ পেনশন/ মূল্যায়ণ/ আনুষংঙ্গিক/বিও,বি জি প্রেস, তেজগাঁও, ঢাকা-১২০৮।

৯। এডমিন ওয়েবসাইট শাখা, বিজি প্রেস, তেজগাঁও, ঢাকা-১২০৮ (ওয়েব সাইটে আপলোড করার জন্য)।

১০। সিনিয়র সহকারী পরিচালকের ব্যক্তিগত সহকারী, বিজি প্রেস, তেজগাঁও, ঢাকা-১২০৮ (অবগতির জন্য)।

১১। উপপরিচালকের ব্যক্তিগত সহকারী, বিজি প্রেস, তেজগাঁও, ঢাকা-১২০৮ (অবগতির জন্য)।

১২। অফিস কপি।

২৬/০৫/২৫

(মোহাম্মদ আবু ইউসুফ)
উপপরিচালক(উপসচিব)
ও
সভাপতি
**শুদ্ধাচার** পুরস্কার প্রদান বাছাই কমিটি
ফোন নং-৫৮১৫১৯০১।

D:mahfuz/noitikota 23-24